BSRM
innovating safety

Xtreme talk

www.bsrm.com/newsletter

Issue | June, 2016

Xtreme Talk

কর্মমূখর ২০১৬-এর প্রথমভাগ এ পর্যন্ত ফলপ্রসূ হয়েছে; অর্জিত হয়েছে কিছু কাঙ্খিত সাফল্য। এর মধ্যে শ্রেষ্ঠ অর্জনটি হলো মর্যাদাপূর্ণ রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার লাভ করা, যেখানে বিএসআরএম বৃহৎ শিল্প ক্যাটাগরিতে ১ম স্থান এর স্বীকৃতি পেয়েছে। এই অর্জনের ঠিক একদিন আগে বিএসআরএম লিমিটেড এবং বিএসআরএম স্টীলস লিমিটেড এর বার্ষিক সাধারণ সভা সফলভাবে সম্পন্ন হয়েছে। বিএসআরএম-এর উচ্চ শক্তির বিশেষায়িত নতুন স্টীল পণ্যসমুহের প্রচারের জন্য সেমিনার, কর্মশালাসহ দেশব্যাপী অনেক কার্যক্রম সফলভাবে সম্পন্ন করা হয়েছে। গ্রামীণ এলাকায় অতিদরিদ্র নারীদের সহায়তায় ইউএনডিপি'র সাথে বিএসআরএম সিএসআর এর যৌথ উদ্যোগ সুবিধাভোগী জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে বৃহত্তর সুযোগ সৃষ্টি করেছে।

আসছে সময়ের চ্যালেঞ্জসমূহ জয় করতে সতেজ হয়ে নব উদ্দীপনায় কাজে লেগে থাকার এটাই সময়। ২০১৬ এর দ্বিতীয়ার্ধের যাত্রা শুরু হোক অধিকতর সাফল্যের প্রত্যাশা নিয়ে। সবাইকে পবিত্র মাহে রমযানের শুভেচ্ছা।

রাষ্ট্রপতি পুরস্কার: বৃহৎ শিল্প বিভাগে বিএসআরএম স্টীলস লিঃ প্রথম

বিএসআরএম স্টীলস লিমিটেড মর্যাদাপূর্ণ 'রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার ২০১৪' অর্জনের সম্মানলাভ করেছে। ৫টি আলাদা ক্যাটাগরিতে পুরস্কার দেয়া হয়েছে ঃ বৃহৎ শিল্প, মাঝারি শিল্প, ক্ষুদ্র শিল্প, কুটির শিল্প ও হাইটেক শিল্প। বিএসআরএম স্টীলস লিঃ বৃহৎ শিল্প ক্যাটাগরিতে ১ম স্থান অর্জন করেছে। শিল্প উন্নয়নের মাধ্যমে অর্থনীতিতে অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ এই পুরস্কার দেয়া হয়েছে।

শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার ২০১৪
সম্মান পত্র
১৬ চৈত্র ১৪২২ ■ ৩০ মার্চ ২০১৬

বিএসআরএম স্টিলস লিঃ, আলী ম্যানসন, ১২০৭/১০৯৯, সদর ঘাট রোড, চট্টগ্রাম
বৃহৎ শিল্প ক্যাটাগরিতে সফল উদ্যোক্তা প্রতিষ্ঠান হিসেবে ১ম স্থান অর্জন করায়
২০১৪ সালের রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার প্রদান করা হল।

সচিব
শিল্প মন্ত্রণালয়

মন্ত্রী
শিল্প মন্ত্রণালয়

বার্ষিক সাধারণ সভা ২০১৬

বাংলাদেশ স্টীলস রি-রোলিং মিল লিমিটেডের ৫৪তম বার্ষিক সাধারণ সভার ছবি। বাম থেকে ঃ জনাব সরওয়ার উদ্দিন (বহিঃ নিরীক্ষক), জনাব মনোরঞ্জন দে, এফসিএ (স্বতন্ত্র পরিচালক), জনাব শেখর রঞ্জন কর, এফসিএ (গ্রুপ সিএফও এবং কোম্পানি সচিব), জনাব আলীহুসাইন আকবরআলী, এফসিএ, সিআইপি (চেয়ারম্যান), জনাব আমীর আলীহুসাইন (ব্যবস্থাপনা পরিচালক), জনাব জোহায়ের তাহেরআলী (পরিচালক-অর্থ), মিসেস সাবীন আমীর (পরিচালক)।

বিএসআরএম স্টীলস লিমিটেডের ১৪তম বার্ষিক সাধারণ সভার ছবি। বাম থেকেঃ জনাব মনোরঞ্জন দে, এফসিএ (স্বতন্ত্র পরিচালক), জনাব শেখর রঞ্জন কর, এফসিএ (গ্রুপ সিএফও এবং কোম্পানি সচিব), জনাব আলীহুসাইন আকবরআলী, এফসিএ, সিআইপি (চেয়ারম্যান), জনাব আমীর আলীহুসাইন (ব্যবস্থাপনা পরিচালক), জনাব জোহায়ের তাহেরআলী (পরিচালক-অর্থ), মিসেস তেহসীন জোহায়ের তাহেরআলী (পরিচালক)।

৩০ মার্চ ২০১৬ তারিখ ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউট, চট্টগ্রামে বাংলাদেশ স্টীলস রি-রোলিং মিল লিমিটেডের ৫৪তম বার্ষিক সাধারণ সভা এবং বিএসআরএম স্টীলস লিমিটেডের ১৪তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। বিএসআরএম গ্রুপ চেয়ারম্যান জনাব আলীহুসাইন আকবরআলী, এফসিএ, সিআইপি এবং অন্যান্য পরিচালনা পর্ষদবৃন্দ কোম্পানির ২০১৫ সালের আর্থিক প্রতিবেদন ও ২০১৬ এর কর্মপরিকল্পনাসমূহ আলোচনা করেন। উপস্থিত শেয়ারহোল্ডারগণ উভয় কোম্পানির এজেন্ডাগুলো সর্বসম্মতভাবে অনুমোদন করেন।

ইউএনডিপি এবং বিএসআরএম সিএসআর এর মর্যাদাপূর্ণ অংশীদারিত্ব চুক্তি

সিএসআর কর্মসূচীর অংশ হিসেবে বিএসআরএম বিগত ৩ মার্চ ২০১৬ ইউএনডিপি (জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি) এর সঙ্গে একটি অংশীদারিত্ব চুক্তি স্বাক্ষর করেছে। গ্রামীণ এলাকার অতিদরিদ্র নারীদের আত্ম উন্নয়নে সহায়তা করা এই প্রকল্পের উদ্দেশ্য।

চুক্তি স্বাক্ষরকালে তোলা ছবি (বাম থেকে)ঃ বিএসআরএম সিএসআর হেড রুহি এম আহমেদ, ইউএনডিপি বাংলাদেশের ডেপুটি কান্ট্রি ডিরেক্টর জনাব নিক বেরেস্ফোরড, বিএসআ-রএম গ্রুপ চেয়ারম্যান জনাব আলীহুসাইন আকবরআলী, এফসিএ, সিআইপি এবং ইউএনডিপি'র অ্যাসিস্টেন্ট কান্ট্রি ডিরেক্টর জনাব পলাশ কান্তি দাস।

গ্রেড-৮০ রড 'ম্যাক্সিমা' বিষয়ে বিসিএল- এর সাথে কর্মশালা

বিএসআরএম এবং বিসিএল যৌথভাবে **"The case for Grade 80-the quest for more economy in steel use and greater safety in performance"** শীর্ষক এক কর্মশালার আয়োজন করেছে। এটি ২৮ মার্চ ২০১৬ তারিখে বিসিএল অফিস, উত্তরা, ঢাকায় অনুষ্ঠিত হয়। কর্মশালায় বিভিন্ন গ্রেড সংশ্লিষ্ট বিধিমালার সারসংক্ষেপ এবং বাংলাদেশের কনক্রিট স্থাপনায় উচ্চশক্তির রড ব্যবহারে নকশাগত চ্যালেঞ্জসমূহ আলোচনা করা হয়।

মূল বক্তা বিএসআরএম হেড অব মার্কেটিং এন্ড প্রোডাক্ট ডেভেলপমেন্ট, জনাব এম ফিরোজ, উচ্চ শক্তির রড গ্রেড-৮০ কিভাবে বৃহৎ প্রকল্পগুলোতে সর্বোচ্চ নিরাপত্তা ও স্থায়িত্ব নিশ্চিত করবে এবং একইসাথে সাশ্রয়ও করবে তা ব্যাখ্যা করেন।

সেমিনার ঃ "রিইনফোর্সড কংক্রিট কন্সট্রাকশন এন্ড কোয়ালিটি কন্ট্রোল"

বিএসআরএম ৫ এপ্রিল ২০১৬ তারিখ বরিশালে **"Reinforced Concrete Construction & Quality Control"** শীর্ষক সেমিনারের আয়োজন করে। অনুষ্ঠানের প্রধান বক্তা ছিলেন ইঞ্জিনিয়ার আব্দুল মালেক সিকদার, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (অবঃ), পিডব্লিওডি। সেমিনারের উদ্দেশ্য ছিল রিইনফোর্সড সিমেন্ট কংক্রিট **(RCC)** সম্পর্কে ধারণা প্রদান করা।

সেমিনার ঃ ‘গুড কন্সট্রাকসন প্র্যাকটিস উইথ ডাকটাইল রিইনফোর্সিং স্টীল’

বিএসআরএম ২০ এপ্রিল ২০১৬ তারিখ খুলনায় **“Good Construction Practice with Ductile Reinforcing Steel”** শীর্ষক সেমিনার আয়োজন করে। বাংলাদেশের প্রখ্যাত নির্মাণ প্রকৌশলী, সাবেক আইইবি সভাপতি, প্রফেসর ডঃ এম শামিম জেড বসুনিয়া সেমিনারের প্রধান বক্তা ছিলেন। তিনি রিইনফোর্সড সিমেন্ট কংক্রিট (RCC) নির্মাণ সম্পর্কে তাঁর মূল্যবান ধারণা ও পরামর্শ প্রদান করেন।

বিএসআরএম ফাউন্ডেশন এবং এলএমআরএফ হেলথ কেয়ার - এর চুক্তি স্বাক্ষর

বিএসআরএম ফাউন্ডেশন মেডিকেল সেন্টার, মিরসরাই, চট্টগ্রাম - পরিচালনার জন্য বিএসআরএম কর্পোরেট হেড অফিসে বিএসআরএম ফাউন্ডেশন এবং লায়ন মোখলেসুর রহমান ফাউন্ডেশন (এলএমআরএফ) হেলথ কেয়ারের মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়।

ছবি (বাম থেকে)ঃ রুহি এম আহমেদ, হেড অব সিএসআর, বিএসআরএম, জনাব আমীর আলীহুসাইন, ম্যানেজিং ডিরেক্টর, বিএসআরএম গ্রুপ; জনাব নাদের খান, চেয়ারম্যান, এলএমআরএফ হেলথ কেয়ার, জনাব ডাঃ শামীম খান, সিইও ও ম্যানেজিং ট্রাস্টি এবং জনাব আবু সায়েদ, ডেপুটি ম্যানেজার, ফিন্যান্স ও এডমিন, এলএমআরএফ হেলথ কেয়ার।